গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

নং: ৩৭.০৪.২৬৬৩.০০২.৩১.০১৯.১৫/ ২৮৫০

তারিখ: ০৮/০৬/১৪৩১ বঙ্গাব্দ
২৩/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: ৪৪তম শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন।**

৪৪তম শিক্ষা পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সটি আগামী ০৬.১০.২০২৪ খ্রি. তারিখ হতে ০৪.১১.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ৩০(ত্রিশ) দিনব্যাপী জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এ অনুষ্ঠিত হবে। কোর্সটি শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের জন্য নির্ধারিত। উক্ত কোর্সে তাঁর আওতাধীন শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর এবং সরকারি কলেজের ৫ম থেকে ৬ষ্ঠ গ্রেডের ০৪ জন কর্মকর্তাকে মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হল। এ উপলক্ষে নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো:

১. উক্ত প্রশিক্ষণ কোর্সে ৫ম থেকে ৬ষ্ঠ গ্রেডের কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। যাঁদের বয়স ৫৬ বছর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
২. যে সকল কর্মকর্তা বিগত এক বছরের মধ্যে নায়েম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছেন তাদের মনোনয়ন দেয়ার প্রয়োজন নেই;
৩. প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়া, শিক্ষা সফর এবং আনুষঙ্গিক খরচ বাবদ আনুমানিক ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা খরচ হতে পারে, যা প্রাথমিকভাবে প্রশিক্ষণার্থীগণের বহন করতে হবে, সেমত প্রস্তুতি নিয়ে আসতে হবে;
৪. **মনোনীত শিক্ষক কোর্স শুরুর অন্তত: ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুও অন-লাইন রেজিস্ট্রেশন ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদান করবেন।**
৫. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর প্রশিক্ষণে অংশগ্রহণকারীর ভ্রমণ ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। **উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অন লাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;**
৬. প্রশিক্ষণার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, অফিস ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, কোর্সে অংশগ্রহণের জন্য অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম সঙ্গে আনতে হবে;
৭. প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত ফি প্রদানপূর্বক আসন খালি থাকা সাপেক্ষে নায়েম হোস্টেলে অবস্থান করতে পারবেন;
৮. **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাবে;**
৯. কোর্স সম্পর্কিত প্রয়োজনে কোর্স পরিচালক প্রফেসর ড. নাছিমা খান, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ফোন: ০১৫৫২-৩৪৪৬২১, কোর্স সমন্বয়ক জনাব শেখ মোহাম্মদ আলী, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ফোন: ০১৭১৭৩৩১১৮৮ Email: sheikh2026@gmail.com এবং জনাব শারমিন তামান্না, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ফোন: ০১৭১২৭১৩৫৫৩- Email: sharminnupur017@gmail.com এ যোগাযোগ করা যেতে পারে।
১০. মনোনীত কর্মকর্তাকে আগামী ০৬-১০-২০২৪ খ্রি. তারিখ সকাল ৮.০০ টায় নায়েম এর প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত ওয়ান স্টপ সার্ভিস পয়েন্টে রিপোর্ট করতে হবে।
১১. আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।

২৩.৯.২৪
(মো: সাইদুজ্জামান)
উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন),নায়েম

প্রাপক: আঞ্চলিক পরিচালক (সকল)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ

নং: ৩৭.০৪.২৬৬৩.০০২.৩১.০১৯.১৫/ ২৮৫০(১২)

তারিখ: ০৮/০৬/১৪৩১ বঙ্গাব্দ
২৩/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
২. যুগ্ম প্রোগ্রাম পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
৩-৬.পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/প্রশাসন ও অর্থ/গবেষণা ও তথ্যায়ন, নায়েম, ঢাকা ;
৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৯. হোস্টেল সুপারিনটেনডেন্ট শহীদ বুদ্ধিজীবি/মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী হোস্টেল;
১০. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১২. অফিস নথি।

২৩.০৯.২৪
(প্রফেসর ড. নাছিমা খান)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম
ও
কোর্স পরিচালক
ফোন: ০১৫৫২-৩৪৪৬২১

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
জাতীয়শিক্ষাব্যবস্থাপনাএকাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষাবিভাগ
শিক্ষামন্ত্রণালয়
নায়েমরোড, ধানমন্ডি, ঢাকা - ১২০৫
www.naem.gov.bd

# ব্যাংক হিসাবের তথ্যফরম

**(ছকটি ইংরেজিতে পূরণ করতে হবে)**

কোর্সেরনাম :
মেয়াদ:

| আইডিনম্বর | প্রশিক্ষণার্থীরনাম, পদবী, বিষয় ও প্রতিষ্ঠান | হিসাবেরনাম | ব্যাংকেরনাম ও শাখা | হিসাবনম্বর | রাউটিংনম্বর | প্রশিক্ষণভাতা (টাকায়) | মোবাইলনম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| 01 | | | | | | | |

Course Director/Coordinator

১। একাধিক ব্যাংকহিসাব থাকলে বেসরকারি ব্যাংক হিসাবেরতথ্য অগ্রাধিকারযোগ্য।
২। অনেক প্রশিক্ষণার্থী এখনও ৪ ডিজিটের হিসাবনম্বর ব্যবহার করে থাকতে পারেন। তাঁদেরকে সংশ্লিষ্ট ব্যাংক থেকে অন-লাইন হিসাবনম্বর জেনে তথ্যপ্রদানের অনুরোধ করা হলো।
৩। ব্যাংক হিসাবের তথ্যসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে।